তারিখ 22 DEC 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

দৈনিক বাংলা

103

মনোনয়নপত্র দাখিল

# ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতি নির্বাচনে সাদা ও নীল প্যানেল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আগামী ৩০ ডিসেম্বর অনুষ্ঠেয় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য দুটি প্যানেলের শিক্ষকরা বৃহস্পতিবার তাদের মনোনয়নপত্র দাখিল করেছেন। গতকাল ছিল মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন। সাদা ও নীল প্যানেলের শিক্ষকগণ তাদের মনোনয়নপত্র দাখিল করেন।

সাদা প্যানেলে সভাপতি পদে প্রার্থী হয়েছেন রোকেয়া হলের প্রভোস্ট এবং উদ্ভিদবিদ্যা বিভাগের প্রফেসর ডঃ জিন্নাতুন নেসা তাহমিদা বেগম, সাধারণ সম্পাদক পদে মার্কেটিং বিভাগের প্রফেসর রাশেদুল হাসান, সহসভাপতি

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## ঢাকা ভার্সিটি শিক্ষক

পদে ভূগোল বিভাগের প্রফেসর ডঃ জিয়াউস শামস, যুগ্ম সম্পাদক পদে আইবিএর প্রফেসর গোলাম মাহাবুব চৌধুরী, কোষাধ্যক্ষ পদে ফিন্যান্স এবং ব্যাংকিং-এর প্রফেসর জালালউদ্দীন প্রার্থী হয়েছেন। সমিতির কার্যনির্বাহী কমিটির ১০টি সদস্য পদে সাদা প্যানেল মোট ১৫ জন প্রার্থী দিয়েছেন।

সাদা প্যানেলের সদস্য পদের প্রার্থীরা হচ্ছেন ঃ পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ইউসুফ হায়দার, ইসলামের ইতিহাস বিভাগের প্রফেসর হাবিবা খাতুন, প্রাণীবিদ্যা বিভাগের প্রফেসর তাসমেরী আখতার সেলিমা বেগম, আইবিএর প্রফেসর আনোয়ার হোসেন, বাংলা বিভাগের প্রফেসর সাঈদউর রহমান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর নূরুল আমিন ব্যাপারী, চারুকলা ইনস্টিটিউটের প্রফেসর আবদুস সাত্তার। খাদ্য ও পুষ্টিবিজ্ঞান ইনস্টিটিউটের প্রফেসর গোলাম মাওলা, প্রানিবিদ্যা বিভাগের প্রফেসর আবুল বাশার, প্রাণ রসায়ন বিভাগের প্রফেসর এস এ খান, রসায়নের প্রফেসর শফিউল আলম, প্রফেসর মতিউর রহমান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর আব্দুল ওয়াদুদ ভুঁইয়া ও ফিন্যান্স এবং ব্যাংকিং বিভাগের ডঃ শাহাজাহান।

অন্যদিকে নীল প্যানেল থেকে প্রার্থী হয়েছেন, সভাপতি পদে অর্থনীতি বিভাগের প্রফেসর এ টি এম জহরুল হক, সাধারণ সম্পাদক পদে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ডঃ আ আ ম ম আরেফিন সিদ্দিক, সহসভাপতি পদে রসায়ন বিভাগের প্রফেসর মাহবুর রহমান, যুগ্ম সম্পাদক পদে মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর শহীদ আক্তার হোসাইন, কোষাধ্যক্ষ পদে আইবিএর প্রফেসর ইফতেখার গনি চৌধুরী।

এ ছাড়া ১০টি সদস্য পদে প্রার্থী হয়েছেন ১০ জন। এরা হচ্ছেন ফার্মেসী বিভাগের প্রফেসর এ কে আজাদ চৌধুরী, ব্যবস্থাপনা বিভাগের প্রফেসর, খন্দকার বজলুল হক, প্রানিবিদ্যা বিভাগের প্রফেসর শাহদাত আলী, লোক-প্রশাসনের প্রফেসর গিয়াসউদ্দীন আহমদ, ফলিত পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর রফিকুল ইসলাম শরীফ, গণিত বিভাগের প্রফেসর অমল কৃষ্ণ হালদার, ইতিহাস বিভাগের শরীফুল্লাহ ভুইয়া, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর স ম ইনামুল হক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের প্রফেসর আফরোজ জাহান এবং ব্যবস্থাপনা বিভাগের প্রফেসর আবদুল মান্নান চৌধুরী।

আজ শুক্রবার রাত ৮টা পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে।

গোলাপী প্যানেল প্রকাশ্যে নিরপেক্ষ ভূমিকা রাখলেও একাধিক সূত্র জানিয়েছেন, গোলাপী প্যানেলের একটি বড় অংশ নীল প্যানেলকে সমর্থন করে নির্বাচন থেকে সরে দাঁড়িয়েছে। তাঁরা কেউই মনোনয়নপত্র জমা দেননি।

নির্বাচনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় ১১শ' শিক্ষক তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করবেন প্রফেসর শান্তি নারায়ণ ঘোষ।

এদিকে আগামী ৩০ ডিসেম্বর নির্বাচন আনুষ্ঠানের ব্যাপারে অনেকেই সংশয় প্রকাশ করেছেন। কারণ এই দিন বিরোধীদলগুলো কর্মসূচী দিয়েছে।